Publishing and distribution partner
University Press Limited



করোনা ভাইরাস থেকে
সুরক্ষায় আমাদের বসতির

আলাদা ঘর

Isolation space

in our neighborhood to protect
ourselves from coronavirus

প্রথম ই-বুক সংস্করণ
আগষ্ট, ২০২০

First e-book edition
August, 2020



For more information, please visit pocaa.org



করোনা ভাইরাস থেকে সুরক্ষায় আমাদের বসতির আলাদা ঘর

Isolation space

in our neighborhood to protect
ourselves from coronavirus

platform of community action and architecture

পোকার একটি সামাজিক উদ্যোগ
A PublicAction by POCAA

দি ইউনিভার্সিটি প্রেস লিমিটেড
রেড ক্রিসেন্ট হাউস
৬১ মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা ১০০০, বাংলাদেশ
ফোন: (+৮৮০২) ৯৫৬৫৪৪১, ০১৯১৭৭৩৩৭৪১

E-mail: info@uplbooks.com.bd
Website: www.uplbooks.com

প্রথম ই-বুক প্রকাশ: আগষ্ট ২০২০

গ্রন্থস্বত্ব © প্যাটফর্ম অব কমিউনিটি অ্যাকশন এন্ড আর্কিটেকচার (পোকা)/
Platform of Community Action and Architecture (POCAA), ২০২০

বইয়ের সকল স্বত্ব পোকা কর্তৃক সংরক্ষিত ও প্রকাশক কর্তৃক আইনগত ব্যবস্থাপনার অধীন। বইটি 'ক্রিয়েটিভ কমন লাইসেন্স ৪.০'-এর আওতায় প্রকাশিত। অবাণিজ্যিক উদ্দেশ্যে এর কোনো অংশ বা সম্পূর্ণ অংশ পুনর্মুদ্রণ, ফটোকপি, রেকর্ডিং বা অন্য কোনো তথ্যসংরক্ষণ পদ্ধতিতে যান্ত্রিক অথবা ইলেকট্রনিক মাধ্যমে অনুলিপি করা এবং পরিবেশন করার জন্য নিম্নোক্ত শর্ত প্রযোজ্য হবে:
ক) বইয়ের কন্টেন্টের স্বত্বাধিকারী 'পোকা'র সুস্পষ্ট লিখিত উলেখ থাকতে হবে, খ) লিখিতভাবে প্রকাশক ও পোকা-কে অবহিত করতে হবে, গ) কন্টেন্টে কোন পরিবর্তন বা পরিবর্ধন করার আগে লিখিত অনুমতি নিতে হবে এবং পরিবর্তিত কন্টেন্টের দায় পরিবর্তকের হবে।

প্রচ্ছদ ও অলংকরণ: প্যাটফর্ম অব কমিউনিটি অ্যাকশন এন্ড আর্কিটেকচার (পোকা)

ISBN 978 984 506 509 2

প্রকাশনা ও পরিবেশন সহযোগী: দি ইউনিভার্সিটি প্রেস লিমিটেড, রেড ক্রিসেন্ট হাউস,
৬১ মতিঝিল বা/এ, ঢাকা।
টেক্সট লে-আউট ও টাইপসেট: 'পোকা'।

Publishing and distribution partner, The University Press Limited, Red Crescent House,
61 Motijheel Commercial Area, Dhaka-1000, Bangladesh.
Book design and typeset by POCAA.

করোনা ভাইরাস থেকে সুরক্ষায় আমাদের বসতির আলাদা ঘর

Isolation space

in our neighborhood to protect ourselves from coronavirus

DISCLAIMER

এখানে বলে রাখা জরুরি যে এই বইটি কোনও মতেই বিদ্যমান স্বাস্থ্যসেবা বা অবকাঠামো প্রতিস্থাপনের জন্য নয়। বরং এই সেবাগুলি যেখানে অনুপস্থিত বা দরিদ্র মানুষের নাগালের বাইরে, সেখানে কিছু তথ্য, বুদ্ধি ও কৌশল পৌঁছে দেওয়া, যাতে তারা নিজেরাই নিজেদের সমস্যার সমাধান করে নিতে পারেন।

DISCLAIMER

It must be noted that this booklet has not been created to replace the existing healthcare system or the infrastructure available, but as a means to provide support where these services are absent or beyond the reach of the poor, both socio-economically and physically.

The Story of “Alada Ghor” Initiative

“Alada Ghor”, which means “separate house” or “separate room” in Bangla, is a collaborative action that has been initiated by low-income communities, architects, public health specialists, students, and different professionals of Bangladesh working together. The aim of this initiative is to reach low-income communities through visuals and simple dialogues enabling easier communication. The awareness related content has been developed by adapting information from IEDCR, DGHS, icddr,b, WHO, and CDC. “Alada Ghor” is a Rapid Response Community Design where the communities and the professionals co-created the design of isolation spaces as a solution to COVID-19 pandemic for low-income high-density communities. During the lockdown, the initiative gradually discovered contextual solutions that evolved very organically through dialogues and conversations over phone with the women and men of different communities. Here, professionals and university students have acted as facilitators to organize people’s ideas and solutions into a booklet, also called “Alada Ghor”. Community builders, leaders, teenagers, and organizers have proactively participated in the process. It has opened a new way of working in the development field in the difficult time of COVID-19 when physical contact is limited. It again proves and reminds us to trust people to be able to help themselves and to trust that they can even do better when professionals are there to sincerely listen to their ideas!

This is an empowering process for both sides involved. It has been enlightening as the team could see through the eyes and hearts of the communities.

This is the story of Lota and Pata — two children of a fictitious low-income community, who curiously started a journey to learn about COVID-19. The story proceeds as they go to their parents, grandparents, community leaders, builders, doctors and architects. Their curiosity and enthusiasm have led them to find community-grown practical solutions to fight back COVID-19. The children here are the portrayal of the inquisitive architects who want to make themselves useful to low-income communities during the COVID-19 pandemic.



'আলাদা ঘর' উদ্যোগের কথা

'আলাদা ঘর' উদ্যোগটি কোভিড-১৯ বৈশ্বিক মহামারীর সময়ে স্বল্প আয়ের বসতির মানুষের সাথে মিলেমিশে স্থপতি, জনস্বাস্থ্য বিশেষজ্ঞ, অন্যান্য পেশাজীবী ও ছাত্রছাত্রীদের মাধ্যমে শুরু হয়েছে। এই উদ্যোগটির উদ্দেশ্য হচ্ছে ছবি ও কথোপকথনের মাধ্যমে দরিদ্র ও স্বল্প আয়ের মানুষের কাছে সাবলীলভাবে কিছু তথ্য, বুদ্ধি ও কৌশল পৌঁছে দেওয়া। এই সচেতনতামূলক তথ্যগুলো আই.ই.ডি.সি.আর, ডি.জি.এইচ.এস, আই.সি.ডি.ডি.আর,বি, ডবিউ.এইচ.ও এবং সি.ডি.সি থেকে নিয়ে সহজভাবে উপস্থাপন করা হয়েছে। 'আলাদা ঘর' একটি র‍্যাপিড রেসপন্স কমিউনিটি ডিজাইন' প্রক্রিয়া যেখানে স্বল্প আয়ের মানুষ ও পেশাজীবীরা একসাথে মিলে কিছু সমাধান উপস্থাপন করেছে যাতে তাদের বসতির কোভিড-১৯ আক্রান্ত ব্যক্তিরা আলাদা বা পৃথক থেকেও সেবা নিতে পারে। কাজটি লকডাউনের মধ্যে বিভিন্ন শহরের দরিদ্র বসতির মানুষের সাথে ফোনালাপের মাধ্যমে এগিয়েছে এবং ধীরে ধীরে নতুন এক সমস্যার জন্যে নতুন ও উপযোগী সমাধানসমূহ বের হয়ে এসেছে। কোভিড-১৯ এর মত এমন ভিন্ন ধরনের দুর্যোগের সময় যখন সকলকেই শারীরিক দূরত্ব বজায় রাখতে হচ্ছে তখন মানুষের উন্নয়নে পেশাজীবীরা সরাসরি কীভাবে কাজ করতে পারেন এই উদ্যোগ তার একটা পথ দেখিয়েছে। এর মাধ্যমে আবারও প্রমাণিত হল যে পেশাজীবীরা যদি দরিদ্র বসতির মানুষের কথা মন দিয়ে গভীরভাবে শোনেন ও বোঝেন তাহলে দরিদ্র মানুষরাই তাদের সমস্যার সমাধান দিতে পারেন। এই প্রক্রিয়ার মাধ্যমে উভয়েরই ক্ষমতায়ন ঘটে এবং সৃষ্টিশীল কাজের মাধ্যমে একে অপরের হৃদয়কে স্পর্শ করে।

এটি লতা ও পাতা নামের দুটি মিষ্টি শিশুর গল্প যারা শহরের দরিদ্র বসতিতে থাকে। তারা তাদের চারপাশে করোনা ভাইরাস নিয়ে কথা শুনেছে এবং এ বিষয়ে আরো জানতে খুবই আগ্রহী। তাদের এই জানতে চাওয়ার গল্প এগোতে থাকে তাদের মা-বাবা, চাচা, বসতির বয়স্ক মানুষ, মিস্ত্রী, ডাক্তার এবং স্থপতিদের সাথে কথা বলার মধ্য দিয়ে। তাদের জানার আগ্রহ এবং উৎসাহ বসতির মানুষদের থেকেই বাস্তবসম্মত নতুন নতুন সমাধানের পথ তৈরি করে। এখানে এই দুটি শিশু একদল স্থপতিরই প্রতিচ্ছবি যারা কোভিড-১৯ মহামারীর এই দুর্যোগে নিজেদের প্রশ্ন করেছে যে তারা কীভাবে দরিদ্র বসতির মানুষের উপকারে আসতে পারে।

Background and Objective of Alada Ghor Project

The “Alada Ghor” initiative is a set of scenarios and suggestions to assist especially marginalized communities in learning and practicing how to manage, build and maintain space related systems and behaviors to practice safe distancing, isolation and quarantine in order to stop the transmission of COVID-19 and stay healthy as a community.

Here, we define ‘community’ as a group of people and families who are:
1. Living in the same geographical area and sharing a common cause in that they are struggling to manage the COVID-19 pandemic because of a dire lack of necessary resources or management systems;
2. Sharing some physical spaces important for their day to day living, (for example, a common road, open spaces, school or market spaces) which increases the risk of transmission;
3. Sharing some intangible aspects such as history, occupation, relationships, challenges or capacities which give a general ground to connect on;
4. And last but not the least, sharing the willingness and the capacity to help themselves as a unit during a crisis through systematic planning and realization.

The journey of “Alada Ghor” started with a question — how can people in disadvantaged neighborhoods with low resources and living in densely populated areas maintain safe distance and isolation in this emergency situation created by the COVID-19 pandemic? We knew that the answer would be best found from the impacted communities themselves, and so we needed to co-create the solution with the community.

“Alada Ghor” is primarily about finding design and management solutions to space related problems, but before that, it is about how these systems can be figured out and practiced by a specific community itself. For this the community needs to be innovative in using whatever resources they have, such as different skills, and existing structures etc., and also believe in and harness the power of togetherness. We believe that each community is unique in terms of the resources, relationships and capacities they have. So, this project is only a set of suggestions which any community can take help from according to their need.

'আলাদা ঘর' প্রকল্পের প্রেক্ষাপট ও উদ্দেশ্য

'আলাদা ঘর' উদ্যোগটিতে পিছিয়ে পড়া কমিউনিটিগুলোর জন্য কোভিড-১৯ সংক্রমণ নিয়ন্ত্রণে কীভাবে নিরাপদ 'শারীরিক দূরত্ব' বজায় রাখা, প্রতিদিনের জীবনে 'আইসোলেশন' ও 'কোয়ারেন্টাইন' মেনে চলা, এবং সংক্রমিত ব্যক্তিদের অস্থায়ী বসবাসের জন্য আলাদা কাঠামো নির্মাণ করা যায় — এসব বিষয়ের উপর কিছু সহজ নির্দেশনা ও প্রস্তাবনা এই বইয়ে একত্র করা হয়েছে।

এখানে 'কমিউনিটি' বলতে আমরা বুঝি -
১) যারা একই জায়গায় (ভৌগোলিক স্থানে) বসবাস করছেন এবং কোভিড-১৯ সংক্রমণের সাথে লড়াইয়ের ক্ষেত্রে তথ্য, অভিজ্ঞতা বা সম্পদের অভাবে অসুবিধায় পড়ছেন,
২) দৈনন্দিন জীবনের বিভিন্ন কাজের জন্য যারা কিছু সম্পদ ও স্থান ভাগাভাগি করে ব্যবহার করছেন (যেমন, উঠান, কলপাড়, রাস্তা, বাজার, খোলা জায়গা ইত্যাদি) যার কারণে সংক্রমণের ঝুঁকি বেড়ে যায়,
৩) একই এলাকায় বসবাসের ফলে একেকটি মানুষ বা পরিবারের মধ্যে কিছু সাধারণ বৈশিষ্ট্য আছে - যেমন, একই ধরনের পেশা, নিজেদের মধ্যে সম্পর্ক বা যোগাযোগ, একই ধরনের প্রতিকূলতা বা দক্ষতা যা তাদেরকে একসাথে কাজ করার ও পরিকল্পনা করার জন্য উৎসাহিত করে, এবং
৪) সবচেয়ে জরুরি ব্যাপারটি হল, কমিউনিটি হিসেবে নিজেদের নেতৃত্বে যাদের প্রতিকূল পরিবেশ মোকাবিলা করার লক্ষ্যে দলবদ্ধভাবে কাজ করার ইচ্ছা রয়েছে।

এই উদ্যোগটির যাত্রা শুরু হয় একটি প্রশ্ন দিয়ে — পিছিয়ে পড়া কমিউনিটিগুলো ঘনবসতিপূর্ণ বসতিতে কীভাবে নিরাপদ শারীরিক দূরত্ব, আইসোলেশন বা কোয়ারেন্টাইনের মতো পদ্ধতিগুলো অনুসরণ করতে পারে? আমরা জানতাম এই প্রশ্নের সবচেয়ে ভালো উত্তর কমিউনিটির মধ্যে থেকেই আসা সম্ভব, এবং এই কারণেই কমিউনিটির সাথে সহ-সৃজন (co-creation) করা খুবই প্রয়োজন।

তাই 'আলাদা ঘর' উদ্যোগটি প্রাথমিক-ভাবে বসবাসের পরিবেশ ও স্থানগত সমস্যার সমাধান খোঁজার লক্ষ্যে শুরু হলেও এই প্রকল্পের অন্যতম বৈশিষ্ট্য হল, এই জরুরি সময়ে বাইরের সাহায্যের জন্য বসে না থেকে কমিউনিটি নিজেই কীভাবে তাদের বসতির বিদ্যমান সম্পদ ও দক্ষতা ব্যবহার করে স্বাস্থ্যবিষয়ক জরুরি সমস্যাগুলোর সমাধান করতে পারেন তা বোঝা। এর জন্য দরকার উদ্ভাবনী কাজ করার মনোভাব এবং সবাই মিলে কাজ করার শক্তিতে বিশ্বাস করা এবং সেই শক্তিকে সঠিকভাবে কাজে লাগানো। আমরা বিশ্বাস করি, প্রতিটি কমিউনিটি তাদের ক্ষমতা, পারস্পরিক সম্পর্ক ও সম্পদের দিক থেকে আলাদা ও একক। তাই আমরা আশা করি, যেকোনো কমিউনিটিই নিজের বাস্তব অবস্থা ও প্রয়োজনের উপর ভিত্তি করে এই বইটি থেকে সাহায্য নিতে পারবেন এবং উপকৃত হবেন।

Content

Page

1 What is Coronavirus / COVID-19? 1-12

2 What is isolation space? 13-36

2.1 Building a new isolation space 37-58

2.2 Building isolation space by converting empty/unused buildings 59-64

2.3 Building isolation space in a home 65-72

3 Guidelines for community 73-86

3.1 Who can be a caregiver? 87-90

4 Guidelines for patients 91-102

5 Guidelines for patient's family 103-110

6 Guidelines for caregiver 111-120

সূচি

পৃষ্ঠা

১ করোনা ভাইরাস/ কোভিড-১৯ কি? ১-১২

২ আলাদা ঘর কি? ১৩-৩৬

২.১ নতুন করে আলাদা ঘর তৈরি ৩৭-৫৮

২.২ খালি বা অব্যবহৃত ভবনে আলাদা ঘর তৈরি ৫৯-৬৪

২.৩ নিজ বাসায় আলাদা ঘর তৈরি ৬৫-৭২

৩ বসতির জন্য নিয়মাবলি ৭৩-৮৬

৩.১ কে হবে বসতি থেকে সেবাদানকারী? ৮৭-৯০

৪ রোগীর জন্য নিয়মাবলি ৯১-১০২

৫ রোগীর পরিবারের জন্য নিয়মাবলি ১০৩-১১০

৬ সেবাদানকারীর জন্য নিয়মাবলি ১১১-১২০

১



করোনা ভাইরাস/ কোভিড-১৯ কি?

1. What is Coronavirus / COVID-19?

আমরা বের হয়েছি করোনা নিয়ে সঠিকভাবে জানার জন্য।
We are going to learn about the Coronavirus.

একটা ভাইরাসের কারণে আমাদের স্কুল বন্ধ হয়ে গেল... সেটা আসলে কি?
Pata, our school got closed down because of a virus... what is it?
আমি শুধু জানি ভাইরাসটার নাম করোনাভাইরাস। চলো বাবাকে জিজ্ঞেস করি এটা কি।
I only know that the virus is called Coronavirus. Let’s ask Father about it.
হ্যাঁ, ঠিকই বলেছ। আসো আমরা ডাক্তার আপাকে ফোন করে এই বিষয়ে সঠিক তথ্য জেনে নেই।
Yes, you’re right! Let's call Doctor Apa and ask her about this virus.


আসলে এই রোগের নাম কোভিড-১৯। যেই ভাইরাসের কারণে এই রোগ হয়ে থাকে সেই ভাইরাসের নাম করোনাভাইরাস। এই ভাইরাসটি মানুষের শ্বাসনালি, ফুসফুসসহ শরীরের ভেতরের বিভিন্ন অংশের ক্ষতি করে। তবে এই রোগ হলেই যে মানুষ মারা যাবে তা নয়।
Corona is the name of the virus and the disease caused by it called COVID-19. This disease can cause severe damage to human respiratory system. However, this is not a fatal disease.
এই রোগটি দ্রুত মানুষ থেকে মানুষে থুথু, কফ, সর্দি, হাঁচি ও কাশির মাধ্যমে ছড়িয়ে পড়তে পারে। তাই দৈনন্দিন জীবনে কিছু নিয়ম মেনে সাবধানতা অবলম্বন করলে এবং অসুস্থ ব্যক্তি যদি আলাদা ঘরে থাকেন তাহলে এর সংক্রমণ অনেকখানি কমানো সম্ভব।
This is a very infectuous disease, it is usually spread through cough, sneeze of the affected person. That is why it is very important to stay separate and take precautions for anybody showing symptoms to stop the spread.

কারো করোনা হয়েছে
বুঝব কী করে?
How can we know if
someone is affected by
Coronavirus?
খেতে যদি স্বাদ না লাগে
ঘ্রাণ না লাগে নাকে
শরীরে জ্বর এবং যদি
গলা ব্যাথা থাকে
শুষ্ক কাশি শ্বাসকষ্ট
থাকলে এসব কারো
করোনা টেস্ট করতে হবে
যত দ্রুত পারো।
Some of the symptoms of
COVID-19 (Coronavirus) are fever,
sore throat, dry cough and difficult
breathing and smelling. One should
get tested as soon as the
symptoms show.

গলা ব্যাথা
Sore throat
শুকনা কাশি
Dry cough
জ্বর
Fever
শ্বাসকষ্ট
Difficulty
breathing


এখন বুঝেছি করোনা কি। করোনা থেকে বাঁচার জন্য তাহলে আমাদের কী কী করতে হবে?
Now I understand what Coronavirus is. But how can we protect ourselves from it?
সকল কাজের শেষে ও বাইরে থেকে এসে বিশটি সেকেন্ড হাত ধুয়ে নিন সাবান ঘষে ঘষে।
We have to wash our hands with soap for at least 20 seconds when we come home, before eating or preparing food and after using the toilet.
হাতের কনুই দিয়ে অথবা রুমাল নিয়ে হাঁচি কাশির সময়ে মুখ ঢেকে রাখি কথা বলার সময়ও মাস্ক পরে থাকি
We should cover our sneeze or cough with a tissue, handkerchief or the bend of our elbow. The handkerchief should be washed as soon as possible.

বাড়ির বাইরে শিশুরা যদি খেলতে যেতে চায়, ভাইরাসের ঝুঁকি তখন অনেক বেড়ে যায়।

Children and the elderly should always stay home.

বাইরে যদি যেতেই হয় অতি প্রয়োজনে যেতে হবে সবাইকে সাবধানতা মেনে

If absolutely needed, we should take necessary precautions before going out



রান্না করার উপকরণ একটু ভালো ভাবে ধুয়ে নিলেই অসুস্থতার শঙ্কা কেটে যাবে।

Everything should be washed thoroughly before cooking.

অত্যাবশ্যকীয় সাবধানতা
Mandatory precautions



মাস্ক ব্যবহার
Use face mask



শারীরিক দূরত্ব
Physical distancing

এরপরও যদি কারো মধ্যে করোনার লক্ষণগুলো দেখা যায় তাহলে ভয় না পেয়ে তাকে আলাদা ঘরে থাকতে হবে আর ডাক্তারের সাথে যোগাযোগ করতে হবে। গুরুতর লক্ষণ দেখা দিলে রোগীকে যত দ্রুত সম্ভব হাসপাতালে নিতে হবে।

In case anybody shows the symptoms of Corona, then he/she should contact the doctor, stay in isolation space rather being afraid. If the patient shows severe symptoms, he/she must be taken to the hospital as soon as possible.

আলাদা ঘর? আমাদের বসতিতে তো ঘরগুলো গায়ে গায়ে লাগানো। তাহলে কি করে এই সমস্যার সমাধান করা যায়?
Isolation space! Our neighborhood is really congested, so how can we have an isolation space here?
চলো সবার সাথে কথা বলি।
Lets ask everyone.

আমাদের বসতির ভেতরে আর আশেপাশে কিছু খোলা জায়গা আছে। যেমন স্কুলমাঠ বা নদীর পাড়। সঠিক নির্দেশনা আর নকশা পেলে আমরা আমাদের বসতির মিস্ত্রিদের সাথে মিলে এখানেই আলাদা ঘর বানিয়ে ফেলতে পারব।
There are open spaces in our community, like the school playground or the riverbank. If we can get proper guidance and plan, we can build an isolation space by ourselves with the help of the masons.
স্কুল তো বন্ধ। আমাদের স্কুলঘর, কমিউনিটি সেন্টার, বা রিসোর্স সেন্টারকেই সাময়িকভাবে ব্যবহার করা যায়।
Our schools are closed, so we can temporarily use the classrooms, community center or resource center to build an isolation space.
আমাদের বসতির কারো কারো বাড়িতে আলাদা ঘর করার ব্যবস্থা করা যেতে পারে।
Maybe we can also transform some of our houses or rooms into isolation spaces.

২



আলাদা ঘর কি?

2. What is isolation space?

আলাদা ঘর মানে মূলত রোগীর ঘর, সেবাদানকারীর ঘর আর সুরক্ষা ঘর। প্রতিটি ঘর কিছু বিশেষ নিয়মে বানাতে হবে। চলো আমরা আর্কিটেক্ট আপার কাছ থেকে এই ব্যাপারে আরও জেনে নিই।

An isolation space will have patient's units, caregiver's living space and an anteroom. Each unit needs to be built following some rules. Let's go to Architect Apa and ask her about these rules.

রোগীর ঘর
Patient’s room



সুরক্ষা ঘর
Anteroom

সেবাদানকারীর ঘর
Caregiver’s room



রোগীর ঘর

Patient’s room

রোগীর ঘর বা কেবিন কমপক্ষে ৬'-০" X ৯'-০" হবে। বসতি তার প্রয়োজন অনুযায়ী রোগীর ঘরের সংখ্যা নির্ধারণ করবে। কিন্তু লম্বায় কমপক্ষে ৯ ফুট রাখতেই হবে যেন নিরাপদ দূরত্বে হাঁটার জায়গা থাকে।

The minimum size of a patient's room should be 6'-0" X 9'-0". The community can determine how many patient's rooms are needed. But the length must be minimum 9 feet so that there is enough space for safe passage.



ঘরের ভিতরে যথেষ্ট আলো-বাতাস ঢুকতে হবে।

Access to sunlight and proper ventilation must be ensured.

দেয়াল সহজেই পরিষ্কার করতে পারতে হবে। ঘরে যথাসম্ভব কম আসবাবপত্র রাখা ভাল।

The walls should be easy to clean. It is best to have as few furniture in the room as possible for that reason.

মেঝে সহজেই পরিষ্কার করতে পারতে হবে।

The floor should be built from materials that can be easily and frequently cleaned.



সুরক্ষা ঘর
Anteroom

সুরক্ষা ঘর হলো রোগীর ঘরে যাবার আগে যেই ঘর থেকে সেবাদানকারী নিজেকে জীবাণুমুক্ত ও প্রস্তুত করে নেবেন। রোগীর ঘরে প্রবেশের আগে অবশ্যই এই ঘরের মধ্যে দিয়ে জীবাণুমুক্ত হয়ে পরিষ্কার মাস্ক, জীবাণুমুক্ত জুতা ও সম্ভব হলে গ্লাভস পরে প্রবেশ করতে হবে। এবং বের হবার সময় সাবধানতার সাথে ব্যবহৃত মাস্ক ও গ্লাভস সুরক্ষা ঘরের বালতিতে রেখে জীবাণুমুক্ত হয়ে বের হতে হবে।

The anteroom is the space right before entering patient's room. Everyone must sanitize themselves here and wear a clean mask, shoes and if possible gloves before entering patient's room. And when leaving the patient's room, they should dispose off the used mask and gloves in a covered bin and sanitize themselves again.



সেবাদানকারীর ঘর
Caregiver's room

রোগীদের সেবা দেয়ার পরে যেহেতু নিজ ঘরে যাওয়া নিরাপদ নয়, তাই আলাদা ঘরে সেবাদানকারীর জন্য নির্দিষ্ট সুরক্ষিত ঘর থাকবে।

এই ঘরের সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো, এখানে কোনোভাবেই রোগী প্রবেশ করতে পারবে না।

The most important thing to keep in mind for this room is that the patient must not enter this room for any reason.

ঘরের ভিতরে যথেষ্ট আলো-বাতাস ঢুকতে হবে।

Access to sunlight and proper ventilation must be ensured.

প্রয়োজনীয় ব্যবহারের জন্য টেবিল।

Table for necessary usage.

প্রয়োজনীয় কাপড়, চাদর ইত্যাদি রাখার জন্য ড্রয়ারসহ বাক্স খাট।

Box bed with drawers to keep daily essentials like clothes, bed sheets etc.



বর্জ্য ব্যবস্থাপনা
Waste management

রান্নাঘর ও খাবার ব্যবস্থা
Kitchen and food management

টয়লেট
Toilet

গোসলখানা ও কাপড় ধোয়ার জায়গা
Shower and laundry area

পানি ব্যবস্থাপনা
Water management

কাপড় শুকানোর জায়গা
Space for drying clothes

বর্জ্য ব্যবস্থাপনা
Waste management

আলাদা ঘরে কি ময়লা ফেলার বিশেষ কোনো ব্যবস্থা লাগবে?

Does an isolation space require any special system for waste management?

আলাদা ঘরে লাল ও সবুজ দুই রং এর বালতিতে ময়লা ফেলতে হবে। মাস্ক, গ্লাভস, পিপিই ইত্যাদি লাল বালতিতে আর প্রতিদিনের খাবারের অবশিষ্টসহ অন্যান্য আবর্জনা সবুজ বালতিতে ফেলতে হবে। আর বিশেষ চুলায় ময়লা পোড়াতে হবে।

An isolation space will require two separate drums for garbage disposal, one coloured red and one coloured green. Masks, gloves, PPE, etc. will be thrown in the red drum and regular food waste will be thrown in the green drum. And there will be a special burner for garbage as well.

আলাদা ঘরে ময়লা ফেলার ব্যবস্থা
Garbage disposal for isolation space





আমরা সবসময় একটা বালতিতে ময়লা ফেলি। এখানে আলাদা আলাদা বালতিতে কেন ময়লা ফেলতে হবে? বেশি দুর্গন্ধ হবে না?
We usually only use one container for trash. Why do we need separate drums here? Won't there be more bad smell?
না, প্রতিদিনের খাবারজাতীয় আবর্জনা সবুজ বালতিতে ফেলে তার উপর মাটি চাপা দিলে দুর্গন্ধ হবেনা। এক-দুই মাসে এই আবর্জনা থেকে কম্পোস্ট মাটি তৈরি হয়ে যাবে। সবজি চাষের জন্য এই মাটি অত্যন্ত ভালো। নীচ থেকে মাটি বের করে নিলে উপরে আরও ময়লা ফেলা যাবে।
No, as long as fresh earth is used to cover food waste in the green drum, there won't be any bad odor. In one or two months, compost will be made from this waste. This soil is very good for vegetable cultivation. If the soil is removed from the bottom, more food waste can be added to the top.



মনে রাখতে হবে, ময়লা ফেলার সময় ও ময়লা পোড়ানোর সময় অবশ্যই মুখে মাস্ক ও হাতে গ্লাভস পরতে হবে।
It is mandatory to wear masks and gloves while throwing out and burning the trash.
সবুজ বালতি
Green drum
প্রতিদিনের খাবার জাতীয় আবর্জনা
Daily food waste
মাস্ক, গ্লাভস, পিপিই ইত্যাদি
Medical waste: Mask, gloves, PPE etc.
লাল বালতি
Red drum
কাগজ, পাস্টিক, গ্লাস ইত্যাদি
Paper, plastic, glass etc.

রান্নাঘর ও খাবার ব্যবস্থা

Kitchen and food management

রোগীর খাবার কি তার বাসা থেকে এলে সমস্যা হবে?

Is it a problem if the patient's food comes from their home?

না, সমস্যা হবে না। সেবাদানকারী রোগীর বাসনে খাবার পরিবেশন করে দিবেন। মনে রাখতে হবে, রোগী নিজের থালা বাটি ছাড়া সুস্থ না হওয়া পর্যন্ত অন্য কারো বাসনকোসন স্পর্শ করবেন না। রোগীর থালা বাটি আলাদা ঘরের বাইরে আসবে না। কোনো কোনো আলাদা ঘরে কিন্তু নিজস্ব রান্নাঘরও থাকতে পারে। কিন্তু রান্নাঘরে রোগী যেতে পারবেন না।

No, that is not a problem. If the patient's family brings food, the caregiver can serve it to the patient with proper precautions. Remember, the patient must not touch any utensils or plates other than their own while still sick. The utensils and plates used by the patient must always stay inside the isolation space. In some cases, isolation spaces can have their own kitchen. But the patient will not be allowed inside the kitchen.

মনে রাখতে হবে, রোগীর খাবার বাসন একেবারেই আলাদা হবে এবং রোগী নিজেই সেটি ভালমতন পরিষ্কার রাখবেন। কেউ যদি নিজে নিজে বাসন পরিষ্কার করতে না পারেন, তিনি সেবাদানকারীর সাহায্য নিবেন।

Always remember, the patient's plates and utensils will be absolutely separate and the patients themselves need to clean and disinfect them properly. In case any patient is unable to do so, they can ask for help from the caregiver.

টয়লেট
Toilet

আলাদা ঘরের জন্য টয়লেটের মাপ লম্বায় ৫ ফিট ও পাশে ৩ ফিট। প্রতি দশ জনের জন্য একটি টয়লেট দরকার।

Toilet will will be 5 feet long and 3 feet wide.
There must be one toilet for every 10 persons.

টয়লেটে দুইটি পিট থাকতে হবে আর প্রতি পিটে ৫টি করে মোট ১০টি রিং থাকবে। দুইটি পিটের মাঝে এমনভাবে কানেকশন দিতে হবে যাতে একটি কানেকশন খোলা থাকে এবং অপরটি বন্ধ থাকে। একটি পিট ভরে গেলে সেই পিটের কানেকশন বন্ধ করে পাশের পিটের কানেকশন খুলে দিতে হবে।

There has to be two pits for every toilet, each containing 5 rings. The two pits must be connected in such a way so that one remains closed when the other is open. When one pit is full, switch to the other pit.



সাবান ও ব্লিচিং পাউডার মিশ্রিত পানি রাখার জন্য তাক।

Shelf to keep soap and water mixed with bleaching powder.

হাত ধোয়া ও অন্যান্য কাজের জন্য পানির বালতি।

Water bucket for washing hand and other uses.

পয়নিষ্কাশনের জন্য দুইটি পিট।

Double pit for sewarage system.

দুইটি পিটের মাঝে কানেকশন।

Connection between double pit.



হাত ধোয়ার পানি বের হয়ে যাওয়ার জন্য জায়গা

Water outlet

গোসলখানা ও কাপড় ধোয়ার জায়গা
Shower and laundry area

আলাদা ঘরে টয়লেট ও গোসলখানা আলাদা আলাদা থাকবে। গোসলখানা থেকে পানি বের হয়ে যেখানে সেখানে গড়িয়ে পড়লে সেটা ঠিক হবে না। একটি পাইপের মাধ্যমে গোসলখানার পানি একটি গর্ত পর্যন্ত নিয়ে যেতে হবে। আরও ভালো হয় যদি গর্তে ৪-৫টি রিং বসিয়ে দেয়া যায়। গর্তের মুখে কচু জাতীয় গাছ লাগিয়ে দিলে পানি পরিষ্কার থাকবে এবং ধীরে ধীরে মাটিতে চলে যাবে।

The toilet and shower should be separate in an isolation space. The wastewater can be chaneled to a hole, ideally containing 4-5 rings. If we plant taro over the hole, they will remove pollutants from the wastewater and the clean water will slowly seep into the soil.



গোসলখানা ও কাপড় ধোয়ার জন্য লম্বায় ৫ ফিট ও পাশে ৩ ফিট জায়গা দরকার হয়।

The shower and laundry area will be 5 feet long and 3 feet wide.

কাপড় ও তোয়ালে ঝোলানোর জায়গা।

Hanger for clothes and towel.

সাবান ও অন্যান্য প্রয়োজনীয় জিনিস রাখার জন্য তাক।

Shelf to put soap and other toiletries.

ময়লার গর্ত যেখানে ৪-৫টি রিং বসানো থাকতে পারে।

Sewarage pit which can have 4-5 rings.

প্রতিবার ব্যবহারের পর ব্লিচিং পাউডার মিশ্রিত পানি ছিটিয়ে দিতে হবে।

The shower and laundry area must be cleaned with water and bleaching powder after each use.

পানি ব্যবস্থাপনা

Water management

আলাদা ঘরের সব ময়লা পানি কোথায় যাবে?

Where will the wastewater from isolation space go?



আলাদা ঘরের ময়লা পানি একটি নির্দিষ্ট গর্তে চলে যেতে পারে। গর্তের মুখে কচু এবং এই ধরণের আরও কিছু গাছ লাগিয়ে দিলে সেই পানি পরিষ্কার থাকবে, সাথে হয়ে যাবে ছোট্ট সুন্দর বাগান।

The wastewater from isolation space can flow towards a specific ditch. If we can plant taro and similar plants over the ditch, the water will remain clean and it can turn into a nice small garden.

কাপড় শুকানোর জায়গা

Space for drying clothes



রোগী নিজেই সাবান দিয়ে নিজের কাপড়, বিছানার চাদর ভালমতন ধোবেন ও অবশ্যই খোলা জায়গায় রোদে শুকাতে দেবেন। রোগী যদি না পারেন, তাহলে অন্যের সাহায্য নেবেন। যদি রোগীর পরিবার কাপড় ধোয়ার জন্য নিয়ে যায়, তাহলে অবশ্যই মাস্ক পরে, একটি ব্যাগে কাপড়গুলো ঢুকিয়ে ফেলবেন।

The patient should wash their clothes and bedsheets properly and dry them in an open space under the sun. In case the patient is not able to do so, they can ask for caregiver’s help. If the patient’s family takes the clothes to wash, then they must wear a mask and put the clothes in a bag before taking them.

২.১

নতুন করে আলাদা ঘর তৈরি

2.1 Building a new isolation space


খোলা জায়গায় আলাদা ঘর তৈরি করার সময়ে প্রথমে জায়গা নির্ধারণ করতে হবে। জায়গাটা বসতির অন্য সব ঘরের সাথে লাগোয়া না হলে ভালো। রাস্তার পাশে আলাদা ঘর তৈরি করতে পারলে ভালো যাতে জরুরি সময়ে গাড়ি কাছাকাছি আসতে পারে।
We have to select the location carefully before building the isolation space. It is better if the space is not too close to the existing houses of the community. The isolation space should be built beside an access road so that emergency vehicles can easily reach the space.

চাচা, আমাদের কি আর কোনো নিয়ম মানতে হবে?
Mason Uncle, are there any other rules?
হ্যাঁ, চলো আর্কিটেক্ট আপার সাথে কথা বলি।
Yes, let’s talk to Architect Apa about them.


মনে রাখতে হবে, সুরক্ষা ঘর, রোগীর ঘর আর সেবাদানকারীর ঘর অবশ্যই আলাদা হতে হবে যেন এক ঘরের বাতাস অন্য ঘরে না যেতে পারে।
We have to remember, the ante-room, patient's room and caregiver's room must be separate so that air can't flow from one room to another.


সেবাদানকারীর নিরাপদ চলাচল
Safe passage for caregiver
পাস্টিকের পার্টিশন
Plastic partition
জরুরি সময়ে বের হওয়ার দরজা
Emergency exit
সুরক্ষা ঘর
Anteroom
প্রবেশ
Entry
রোগীর ঘর
Patient's room
সেবাদানকারীর ঘর
Caregiver's room
রোগীর টয়লেট ও গোসলখানা
Patients' Toilet and Bathroom
সেবাদানকারী
Caregiver
রোগী
Patient


প্রবেশ
Entry

আলাদা ঘর আরও কয়েক ভাবে সাজানো যেতে পারে।
The isolation space can be organized in several different ways.


উঠান
Courtyard
প্রবেশ
Entry


উঠান
Courtyard
প্রবেশ
Entry





